ঢাবিতে তারেক রহমানের জন্মদিনে ছাত্রদলের হামিমের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জন্মদিন উপলক্ষে ২০ নভেম্বর কমল মেডিএইড, ঢাবি শিক্ষার্থীদের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করছে। এর নেতৃত্বে আছেন সদ্য ডাকসু নির্বাচনে ছাত্রদল মনোনীত জিএস প্রার্থী এবং কবি জসীমউদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক শেখ তানভীর বারী হামিম।

ক্যাম্পটি সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত কলাভবন বটতলায় অনুষ্ঠিত হবে। এতে শিক্ষার্থীরা নাক-কান-গলা, চর্মরোগ, চক্ষু, গাইনিকোলজি, দন্তরোগ ও মেডিসিনসহ ৮টি বিশেষজ্ঞ চিকিৎসকের কাছ থেকে বিনামূল্যে সেবা পাবেন। পাশাপাশি রক্ত গ্রুপিং, ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষা করা হবে।

কমল মেডিএইড, ঢাবি দীর্ঘদিন ধরে শিক্ষার্থীদের স্বাস্থ্য ও সাংস্কৃতিক বিকাশে নানা উদ্যোগ চালিয়ে আসছে। এর মধ্যে রয়েছে টেলিমেডিসিন সেবা, অসুস্থ শিক্ষার্থীদের জন্য বিনা ডেলিভারিতে ওষুধ পৌঁছে দেওয়া, মেয়েদের স্বাস্থ্য সুরক্ষায় কমনরুমে সেনিটারি প্যাড ভেন্ডিং মেশিন স্থাপন, আন্তঃহল ক্রিকেট টুর্নামেন্ট, আল কুরআন তিলাওয়াত প্রতিযোগিতা, সাংস্কৃতিক প্রতিভা বিকাশে "ঢাবি কালচারাল ইয়াং স্টার্স" আয়োজন এবং প্রয়োজনমত খাবারের ব্যবস্থা।